



তথ্যবিবরণী

নম্বর-২৭৪

## রাজশাহীতে তামাক বিরোধী সেমিনার অনুষ্ঠিত

রাজশাহী, ১২ জ্যৈষ্ঠ (২৬ মে):

আজ রবিবার (২৬ মে) সকালে রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে “বিভাগীয় পর্যায়ে তামাক বিরোধী সেমিনার” অনুষ্ঠিত হয়। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল-এর সহযোগিতায় বিভাগীয় কমিশনার কার্যালয় এ সেমিনার আয়োজন করে।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) তরফদার মোঃ আজার জামীলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর। বিশেষ অতিথির বক্তৃতা করেন রাজশাহী স্বাস্থ্য দপ্তরের বিভাগীয় পরিচালক ডাঃ আনোয়ারুল কবীর। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সমন্বয়কারী মোঃ আখতারউজ-জামান অনলাইনে যুক্ত থেকে সেমিনারের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরেন।

সেমিনারে বক্তাগণ বলেন, ধূমপানের ফলে শরীরের বিভিন্ন অঙ্গের ক্যান্সার ছাড়াও ফুসফুসের দীর্ঘস্থায়ী প্রতিবন্ধক রোগ হয়, যা ক্যান্সারের চাইতেও ক্ষতিকর। এরোগে আক্রান্ত রোগী এক পর্যায়ে রাতে শুয়ে থাকতেও পারে না, উঠে বসে থাকতে হয়। এধরনের অসংক্রামক ব্যাধির চিকিৎসার ব্যয় ও সময় দুটোই বেশি প্রয়োজন হয়।

রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে মেডিসিন বিভাগে প্রতিদিন ভর্তি হওয়া আট শতাধিক রোগীর দশ ভাগের এক ভাগই ধূমপানজনিত অসুখ নিয়ে ভর্তি হয় বলে সেমিনারে জানানো হয়।

সেমিনারে ২০৪১ সালের মধ্যে ধূমপান শূন্যের কোঠায় নিয়ে আসার প্রধানমন্ত্রীর অঙ্গীকার বাস্তবায়নে তামাক প্রস্তুতকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠানের অপরাধ বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনায় অগ্রাধিকার প্রদান, উপজেলা টাঙ্কফোর্স কমিটির সভা নিয়মিত আয়োজন, বিদেশের মতো খুচরা সিগারেট বিক্রি বন্ধ, তামাকের পরিবর্তে রেশম চাষে উদ্বুদ্ধ করা ও তাদের সহজ শর্তে ঋণ সুবিধা প্রদান, তামাক বিক্রেতাদের জন্য রেজিস্ট্রেশন ব্যবস্থা চালু করা, শিক্ষা প্রতিষ্ঠানের কাছাকাছি বিড়ি-সিগারেট বিক্রি বন্ধ করা, শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে ধূমপান মুক্ত থাকা বিষয়ক প্রত্যয়ন বাধ্যতামূলক করা, জরিমানার পরিমাণ বাড়ানোর মতো পরামর্শ দিয়েছেন বক্তারা।

তামাক নিয়ন্ত্রণে রাজশাহী বিভাগীয় টাঙ্কফোর্স কমিটির সদস্যবৃন্দ সেমিনারে অংশগ্রহণ করেন।

.....  
তৌহিদ/রুহুল/২০২৪/১৫.৩০ঘ.